



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/7/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

আউটডোর ডাইনিং এর জন্য পৌরসভার স্থান ব্যবহার করার অনুমতি প্রদানকারী আইনে গভর্নর কুওমো স্বাক্ষর করেছেন

আইনটি গভর্নরের কার্যনির্বাহী আদেশকে প্রসারিত করে যেটি রেস্টুরাঁ ও বারগুলির জন্য একটি অত্যাবশ্যক জীবনরেখা ছিল

নতুন আইনটি রেস্টুরাঁগুলিকে পৌরসভার ফুটপাথ ও বন্ধ থাকা রাস্তাগুলিতে কাজ করার অনুমতি দেয়

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আইন (S.6353-A/A.7733) এ স্বাক্ষর করেছেন যা রেস্টুরাঁগুলিকে ফুটপাথ ও রাস্তার মতো পৌরসভার স্থানগুলিকে আউটডোর ডাইনিং এর জন্য ব্যবহার করার অনুমতি দেবে। প্রথমে গভর্নর কর্তৃক একটি কার্যনির্বাহী আদেশের অধীনে মঞ্জুর করা এই আইনটি কোভিড-19 (COVID-19) অতিমারীর কারণে ঘটা অর্থনৈতিক বিনাশ থেকে উদ্ধার পাওয়ার সময়ে রেস্টুরাঁগুলিকে আরো এক বছরের জন্য এই সর্বজনীন স্থানগুলি ব্যবহার করা চালিয়ে যেতে অনুমতি দেয়।

"নিউ ইয়র্ক আগে যেমন ছিল তার চেয়েও ভালভাবে আমরা নিউ ইয়র্ককে গড়ে তোলার সময়ে, আমাদের অতীত থেকে শেখা এবং বিশ্বব্যাপী মহামারীর মাঝে নিউ ইয়র্ক-এর এত বেশি সংখ্যক ছোট মাপের ব্যবসাকে টিকে থাকতে সাহায্যকারী ঐ প্রচেষ্টাগুলি থেকে সুবিধা নেওয়া গুরুত্বপূর্ণ," **গভর্নর কুওমো বলেন।** "যে অতি-প্রয়োজনীয় জীবনরেখাটি অতিমারী চলাকালীন রেস্টুরাঁগুলিকে বসার জন্য আউটডোর সর্বজনীন স্থানগুলি ব্যবহার করার অনুমতি দিয়েছিল সেটিকে প্রসারিত করার মাধ্যমে নিউ ইয়র্ক সুনিশ্চিত করেছে যে তারা এম্পায়ার স্টেটের পুনঃনির্মাণ ও পুনরুজ্জীবনে সহায়তা করার লক্ষ্যে কাজ করার সময়ে এই ছোট মাপের ব্যবসাগুলি এই স্থানগুলি ব্যবহার করা চালিয়ে যেতে পারবে।"

অতিমারীর দ্বারা রেস্টুরাঁগুলি বিশেষভাবে প্রভাবিত হয়েছিল, যার মধ্যে অনেকগুলিই নিউ ইয়র্ক পুনরুজ্জীবিত হওয়ার সাথে সাথে টিকে থাকার জন্য লড়াই করেছে। সর্বজনীন স্থানগুলির অবিরত ব্যবহার স্টেট কর্তৃক এই প্রতিষ্ঠানগুলিকে প্রদান করা অন্যান্য সহায়তাগুলিকে ভিত্তি হিসেবে ব্যবহার করে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে \$800 মিলিয়ন [কোভিড-19 অতিমারীকালীন ক্ষুদ্র ব্যবসার পুনরুদ্ধারজনিত অনুদান কর্মসূচি \(COVID-19 Pandemic Small Business Recovery Grant Program\)](#)।

প্রাথমিকভাবে 2020 সালের জুনে জারি করা এবং এক বছর পরে মেয়াদ অতিক্রান্ত হওয়া গভর্নরের কার্যনির্বাহী আদেশটি রেস্টুরাঁ ও বারগুলিকে নিজস্ব পরিসরে আউটডোর স্থানে তাদের

পৃষ্ঠপোষকদের খাদ্য ও পানীয় পরিবেশন করার অনুমতি দিয়েছিল। সুনির্দিষ্টভাবে, এই প্রতিষ্ঠানগুলিকে ফুটপাথ ও বন্ধ থাকার রাস্তার মতো সর্বজনীন স্থানগুলি ব্যবহার করার জন্য লাইসেন্সপ্রাপ্ত পরিসরকে প্রসারিত করার অনুমতি দেওয়া হয়েছিল, যা স্টেট লিকার কর্তৃপক্ষ (State Liquor Authority) এবং স্থানীয় পৌরসভার নিরাপত্তা ও তত্ত্বাবধান পরিকল্পনার দ্বারা ধার্য করা যুক্তিযুক্ত সীমাবদ্ধতা ও কার্যপ্রণালীগুলির শর্তাধীন।

ঘোষিত বিপর্যয়জনিত জরুরি অবস্থা সমাপ্ত হওয়ার সাথে সাথে, কার্যনির্বাহী আদেশগুলির কার্যকর থাকা অব্যাহত রাখার জন্য সেগুলিকে অবশ্যই আইনসভার দ্বারা আইনে পরিণত করতে হবে, অথবা কোনও স্টেট এজেন্সির অন্যান্য বিদ্যমান নিয়ন্ত্রক ক্ষমতার ওপরে নির্ভর করতে হবে। এই ক্ষেত্রে, স্টেটের লিকার কর্তৃপক্ষকে অগ্রিম অনুমোদন ছাড়া এই স্থানের ব্যবহার অব্যাহত রাখার বিবেচনা মঞ্জুর করার জন্য আইন প্রণয়ন প্রয়োজনীয় ছিল।

রেস্তুরাঁর দ্বারা আউটডোর সর্বজনীন স্থানের ব্যবহারকে অবশ্যই স্বাক্ষরিত আইন অনুসারে সমস্ত রাষ্ট্রীয়, স্টেট ও স্থানীয় আইন, নিয়মাবলী ও নির্দেশনা মেনে চলতে হবে। রেস্তুরাঁগুলিকে সেই পৌরসভার কাছ থেকে একটি অস্থায়ী ব্যবহারের ছাড়পত্রও অবশ্যই নিতে হবে, যাকে সর্বজনীন স্থানটি যেন নিরাপদ, সুশৃঙ্খলভাবে ব্যবহৃত হয় তা সুনিশ্চিত করার দায়িত্ব দেওয়া হয়েছে। নতুন আবেদনকারীদের স্টেটের অ্যালকোহলযুক্ত পানীয় নিয়ন্ত্রণ আইন (Alcoholic Beverage Control Law) এর সাথে সঙ্গতিপূর্ণভাবে জনসমাজের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

সিনেটর রোক্সান পারসড বলেছেন, "অতিরিক্ত এক বছরের জন্য ফুটপাথ ও পার্শ্ববর্তী এক ফালি পৌরসভার জমিতে, জায়গায় বসে খাওয়ার জন্য আউটডোর ডাইনিং ও পানীয় বিক্রয়ের অনুমতিকে প্রসারিত করার জন্য গভর্নর কুওমো কর্তৃক আইনে স্বাক্ষর করার আমি প্রশংসা করছি। কোভিড-19 অতিমারী চলাকালীন, ডাইনিং প্রতিষ্ঠানগুলি খোলা থাকতে সমস্যায় পড়েছে। অর্থনৈতিক প্রতিকূল প্রভাব থেকে পুনরুদ্ধার লাভে অনেক ছোট মাপের ব্যবসাকে সহায়তা করবে এমন একটি নীতি রচনা করার জন্য অ্যাসেমব্লির সদস্য প্যাট ফাহি ও সহকর্মীদের সঙ্গে কাজ করা একটি আনন্দদায়ক অভিজ্ঞতা ছিল। এই গুরুত্বপূর্ণ ব্যবস্থা গ্রহণে দ্রুত সম্মত হওয়ার জন্য আমি গভর্নরকে এবং আমাদের আইনসভার নেতাদের ধন্যবাদ জানাই।"

অ্যাসেমব্লির সদস্য প্যাট্রিসিয়া ফাহি বলেন, "অতিমারী চলাকালীন আউটডোর ডাইনিং-এর জন্য ফুটপাথ ও রাস্তার স্থান ব্যবহার করা রেস্তুরাঁগুলির জন্য একটি আর্থিক জীবনরেখা হয়ে উঠেছে। এটা শুধু যে কয়েক শত ছোট, মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানকে ব্যবসা চালিয়ে যেতে সাহায্য করেছে তাই নয়, এটা আমাদের স্থানীয় অর্থনীতি ও 'মেইন স্ট্রীট' এর জন্য একটি জনপ্রিয় আশীর্বাদ বলেও প্রমাণিত হয়েছে। এই আইনটি এই রেস্তুরাঁগুলিকে আরও এক বছরের জন্য আউটডোর স্থানগুলি ব্যবহার করা চালিয়ে যেতে অনুমতি দেবে, যাতে তারা তাদের ব্যবসা খোলা রাখতে পারেন এবং তাদেরকে আবারও আগের অবস্থায় ফিরে আসতে সাহায্য করা যায়, এবং নিউ ইয়র্কের 'উন্মুক্ত রাস্তা' প্রসারিত করার জন্য আমি গভর্নরকে সাধুবাদ জানাই।"

###

আনসাবক্রাইব করুন